দৈনিক

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 11 MAR 2003 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ...

### শিক্ষক সমিতি ফেডারেশনের বিবৃতি

# জোট সরকারের দেড় বছরে চাকরি হারিয়েছে ৫শ' শিক্ষক কর্মচারী

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ দেশজুড়ে শিক্ষক কর্মচারীদের হয়রানি, চাকরিচ্যুতির বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার আহবান জানিয়েছেন। তাঁরা বলেন, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর ইতোমধ্যে ৫ শতাধিক শিক্ষক কর্মচারী চাকরি হারিয়েছেন এবং সাময়িকভাবে বরখাস্ত হয়েছেন। অন্যায়ভাবে বরখাস্তের সর্বশেষ শিকার রাজশাহী ভবানীগঞ্জ কলেজের অধ্যক্ষ শরীফুল ইসলাম। নেতৃবৃন্দ দেশব্যাপী শিক্ষক কর্মচারীদের হয়রানি, সাময়িক বরখাস্ত ও চাকুরিচ্যুতি সংক্রান্ত তথ্য কেন্দ্রীয় দফতরে পাঠানোর জন্য অনুরোধ করেছেন।

সোমবার শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আসাদুল হকসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ বিবৃতিতে এ অনুরোধ জানান। বিবৃতিতে বলা হয়, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগের এমন কোন জেলা উপজেলা নেই যেখানে বেসরকারী স্কুল কলেজে কর্মরত শিক্ষক কর্মচারিগণ কোন না কোন ভাবে হয়রানি নির্যাতনের শিকার হচ্ছেন না। এ পরিস্থিতিতে শিক্ষক নির্যাতন হয়রানি সংক্রান্ত সঠিক তথ্য ফেডারেশনের নতুন কার্যালয় ১১২, গ্রীন রোড (সাজেদা ম্যানসনের তিনতলা) ফার্মগেট, ঢাকা-১২০৫ ঠিকানায় জরুরী ভিত্তিতে পাঠানোর জন্য অনুরোধ করেছেন।